# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ,ঢাকা

**আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ**

টেলিফোন নং ঃ ৯৫৬০৫৬৩
৪৭১১০৬৭৭

ই-মেইল ঃ dgmtrade@krishibank.org.bd


পরিকল্পনা ও পরিচালন সার্কুলার লেটার নং-০৩/২০১৮ তারিখ ঃ ১৮-০৯-২০১৮

মহাব্যবস্থাপক,
বাংলাদেশ কৃষি ব্যাংক ,
স্থানীয় মুখ্য কার্যালয় , ঢাকা ;

উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক
কাওরানবাজার/ বনানী/ নারায়নগঞ্জ/ আগ্রাবাদ/ চট্টগ্রাম /সিলেট/ খুলনা কর্পোরেট শাখা;

ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক
চকবাজার শাখা/ ষোলশহর/টিবোর্ড/চাক্তাই শাখা/ শার্শা শাখা/ কুষ্টিয়া শাখা/ হালুয়াঘাট শাখা/নালিতাবাড়ি শাখা।

বিষয় ঃ <u>শাখা কর্তৃক বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত ঋণ প্রস্তাবসমূহ প্রক্রিয়করণে আমদানিকারকের হিসাবে মেয়াদোত্তীর্ণ বিল অব এন্টি ও মেয়াদোত্তীর্ণ ইএক্সপির তথ্য উল্লেখ প্রসংগে</u>।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার ০৫-০৩-2005 তারিখের এফ ই সার্কুলার নং ০৪ এবং GFET (2018) এর Chapter 7, Section 2, Para 31(C) এর আলোকে আমদানী পূর্ববর্তী কোন রেমিটেন্সের বিপরীতে বিল আব এন্ট্রি/ কাস্টমস সার্টিফাইড ইনভয়েস নির্দেশিত মেয়াদে দাখিলে ব্যর্থ হলে কিংবা বিল অব এন্ট্রি/ সার্টিফাইড ইনভয়েসে পণ্যের বর্ণনা ও পরিমানের সাথে পূর্বের ঘোষিত বর্ণনায় মুখ্য গরমিল থাকলে সংশ্লিষ্ট আমদানীকারকের খাতে নতুন আমদানী ঋনপত্র স্থাপনের বিষয়ে বিরত থাকতে হবে।

০২। বিগত ১৯-০৮-২০১৮ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭১৬ তম সভায় বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত ঋণ প্রস্তাবসমূহ পর্ষদ সভায় উপস্থাপনকালে আমদানিকারকের হিসাবে কোন মেয়াদোত্তীর্ণ বিল অব এন্ট্রি আছে কিনা তা কার্যপত্রে উল্লেখ না থাকলে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হলে ব্যাংকের স্বার্থ ক্ষুন্ন হওয়ার সম্ভাবনা থাকে মর্মে পর্ষদ অভিমত ব্যক্ত করেন। বিষয়টি সভায় পর্যালোচনাপূর্বক নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত ঃ

> "এখন হতে বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত ঋণ প্রস্তাব সমূহ পর্ষদ সভায় উপস্থাপন কালে আমদানিকারকের হিসাবে কোন মেয়াদোত্তীর্ণ বিল অব এন্ট্রি আছে কিনা তা কার্যপত্রে উল্লেখ করতে হবে।"

০৩। পর্ষদের সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্তে মেয়াদোত্তীর্ণ বিল আব এন্ট্রির তথ্য বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত ঋণ প্রস্তাবে উল্লেখসহ কোন আমদানীকারক বিল আব এন্ট্রি / কাস্টমস সার্টিফাইড ইনভয়েস নির্দেশিত মেয়াদে দাখিলে ব্যর্থ হলে কিংবা বর্ণনা ও পরিমানে মুখ্য গরমিলের কারণে উক্ত আমদানীকারকের খাতে নতুন ঋণপত্র স্থাপনায় বিরত থাকার নির্দেশনা দেয়া হলো ।

০৪। একই সাথে বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত ঋণ প্রস্তাবে (প্রযোজ্য ক্ষেত্রে) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মেয়াদোত্তীর্ণ ইএক্সপির তথ্যও উল্লেখ করতে হবে।

অনুমোদনক্রমে,

আপনাদের বিশ্বস্ত

১৮/০৯/১৮

(মোঃ আজিজুল বারী)
মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন)
অতিরিক্ত দায়িত্বে

---

প্রকা/ আন্তবাবিঃ ০১(৪১)/২০১৮-২০১৯/৩৯৯(৭৬) তারিখঃ ১৮-০৯-২০১৮

(ক) চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(খ) স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক -১/২/৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(গ) স্টাফ অফিসার,সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
(ঘ) উপ-মহাব্যবস্থাপক, প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ -২ ( বৈদেশিক বাণিজ্য নিরীক্ষা সেল ) , বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
(ঙ) উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। সার্কুলার লেটারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
(চ) সংশ্লিষ্ট সকল মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক ব্যবস্থাপক , বাংলাদেশ কৃষি ব্যাংক।

(আহছান আল রশীদ)
সহকারী মহাব্যবস্থাপক
বিভাগীয় দায়িত্বে

G:\Kamrun\Pad & U O-Note\Pad-circular 03.docx